



**চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ**  
 বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০  
[www.cpa.gov.bd](http://www.cpa.gov.bd)  
 নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ পূরণের নিমিত্তে মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা-এর পুত্র/কন্যা কোটায় সংরক্ষিত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অন-লাইনে দরখাস্ত আহবান করছে :-

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল জাঃবেঃস্কেল-২০১৫	২৮/০২/২০১৮ তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	লস্কর	১৩	টাঃ ৮৫০০- ২০৫৭০/-	ন্যূনতম ১৮ বৎসর অনুর্ধ্ব ৩২ বৎসর তবে মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা-এর পুত্র/কন্যার বয়স অনুর্ধ্ব ৩০ বৎসর।	৮ম শ্রেণী পাশসহ ভাল স্বাস্থ্যের অধিকার হতে হবে। এসএসসি পাশ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

**অন-লাইনে আবেদন ফরম পূরণের শর্তাবলী :**

- আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট- [jobsepa.org](http://jobsepa.org) তে অন-লাইন চাকুরীর আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে।
- অন-লাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০ X ৩০০ রেজুলেশনে সর্বোচ্চ ২৫ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা রঙিন ছবি এবং ৩০০ X ৮০ সাইজের স্বাক্ষর আপলোড করতে হবে।
- অন-লাইনে আবেদন ফরম সাবমিট করার পর প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত তাঁর আবেদনের একাধিক প্রিন্ট কপি (হার্ড কপি) ও একই রেজিস্ট্রেশন নম্বর সম্বলিত সোনালী ব্যাংকের সোনালী সেবার পে-স্লীপ ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় (পোর্ট শাখা, চট্টগ্রাম ব্যতীত) উক্ত পে-স্লীপ দিয়ে নিয়োগ পরীক্ষার ফি বাবদ নির্ধারিত অংকের ফি ও ব্যাংক চার্জ পরিশোধ করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ডিটি গ্রহণযোগ্য নয়। অন-লাইন আবেদনের হার্ড কপি/প্রিন্ট কপি প্রার্থীকে আবিশ্যিকভাবে সংরক্ষণ করতে হবে। নিয়োগ পরীক্ষার ফি ৫০/- (পঞ্চাশ) টাকা।
- আবেদনকারী প্রার্থীদেরকে অন-লাইন আবেদনের কপি, বয়স ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ সকল সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কসশীট, জাতীয়তা সনদ, জাতীয় পরিচয় পত্র, প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, অভিজ্ঞতা সনদ প্রভৃতির সত্যায়িত কপি সংযুক্ত করে ১৫ (পনের) দিনের মধ্যে পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম বরাবরে প্রেরণ করতে হবে। অবশ্যই খামের এর উপর পদের নাম উল্লেখ করতে হবে।
- প্রার্থী যে পরীক্ষায় উত্তীর্ণ হলে আবেদনের যোগ্য হবেন, সে পরীক্ষার ফলাফল অবশ্যই আবেদন গ্রহণের শেষ তারিখের পূর্বে প্রকাশিত হতে হবে।
- উক্ত বিজ্ঞপ্তি শুধুমাত্র মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা-এর পুত্র/কন্যাগণ আবেদন করতে পারবেন।
- অন-লাইনে আবেদনপত্র পূরণ ও সাবমিট করতে কোন সমস্যার সম্মুখীন হলে [hr@cpa.gov.bd](mailto:hr@cpa.gov.bd) ই-মেইল ঠিকানায় সমস্যাটির বিষয়ে যোগাযোগ করা যাবে।
- বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
- এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- অন লাইন আবেদন গ্রহণ শুরু সময় : ২৮/০১/২০১৮ খ্রিঃ।
- অন লাইন আবেদন গ্রহণের শেষ সময় : ২৮/০২/২০১৮ খ্রিঃ রাত ১২-০০ টা পর্যন্ত।
- সোনালী ব্যাংক লিঃ এ ফি জমাদানের শেষ তারিখ : ০১/০৩/২০১৮ খ্রিঃ।

(সাদেকা বেগম)  
 পরিচালক (প্রশাসন)  
 চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ